



পপুলেশন সায়েন্সেস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

ভর্তি বিজ্ঞপ্তি

প্রফেশনাল মাস্টার অব পপুলেশন হেলথ (এমপিএইচ) প্রোগ্রাম

জুলাই ২০২৬ সেমিস্টার

জুলাই ২০২৬ সেমিস্টারে ১৮ মাস মেয়াদি প্রফেশনাল মাস্টার অব পপুলেশন হেলথ (এমপিএইচ) প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ভর্তির যোগ্যতা: স্বীকৃত যেকোনো বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে কমপক্ষে স্নাতক অথবা সমমানের ডিগ্রিধারী বাংলাদেশি অথবা বিদেশি নাগরিকরা ভর্তির আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। উল্লেখ্য, ডেন্টাল/মেডিকেল/নার্সিং, ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়/কলেজ, কৃষি বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে ডিগ্রি সম্পন্ন প্রার্থীরাও আবেদন করতে পারবেন। ডিগ্রি (পাস) আবেদনকারীদের স্নাতকোত্তর ডিগ্রি থাকা বাধ্যতামূলক। যেসব প্রার্থী ইতোমধ্যেই একটি স্নাতকোত্তর ডিগ্রি সম্পন্ন করেছেন তারাও আবেদন করতে পারবেন। শিক্ষাজীবনের যেকোনো স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি বা জিপিএ/সিজিপিএ ২.৫০ এর কম রয়েছে তারা আবেদন করতে পারবেন না। যারা স্নাতক চূড়ান্ত পরীক্ষা বা সমমানের পরীক্ষা সম্পন্ন করেছেন, তারাও আবেদন করতে পারবেন, তবে লিখিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ০৩ (তিন) দিনের মধ্যে সনদ বা নম্বরপত্র জমা না দিলে তাদের প্রার্থিতা বাতিল বলে বিবেচিত হবে।

আবেদন প্রক্রিয়া: ভর্তির আবেদনপত্র, প্রসপেক্টাস এবং অন্যান্য তথ্যাদি প্রফেশনাল এমপিএইচ প্রোগ্রামের ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রার্থীদের এমপিএইচ প্রোগ্রামের ওয়েবসাইটে গিয়ে আবেদন করে বিকাশ/নগদ অথবা ব্যাংকের মাধ্যমে আবেদন ফি বাবদ ১৫০০.০০ (পনের শত) টাকা প্রদান করতে হবে। আগামী ২৮ জুন থেকে ৩০ জুলাই ২০২৬ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। ৩১ জুলাই ২০২৬ তারিখ সকাল ১১টায় লিখিত ভর্তি পরীক্ষা এবং একই দিন দুপুর ২.৩০টায় মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রফেশনাল এমপিএইচ প্রোগ্রামের ক্লাস হবে শুক্রবার (বিকাল ৩:০০টা থেকে সন্ধ্যা ৭:১৫টা), এবং শনিবার (সকাল ৯:০০টা থেকে বিকেল ৪:০০টা)। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন: mph.dpsdu.edu.bd

যোগাযোগের ঠিকানা: পপুলেশন সায়েন্সেস বিভাগ, চতুর্থ তলা, কক্ষ নং: ৪০৪৬-খ, কলাভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়।

মোবাইল: ০১৭৬৬৫১৭০০২, ০১৮৫৪৯৪৮৭১৩, ০১৭১৫৮৯১৪৮৮, ০১৭১২৫২৯২৬৪।

বিস্তারিত



অধ্যাপক আবু হাসানাত মোহাম্মদ কিশোয়ার হোসেন

চেয়ারম্যান, পপুলেশন সায়েন্সেস বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়